# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়
৮৩-৮৫ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
প্রকিউরমেন্ট এবং কর্মী কল্যাণ ও পরিবহন বিভাগ

ফোন ঃ ০২-২২৩৩৮৩৫৩৫
ই-মেইল ঃ dgmcsd@krishibank.org.bd.
dgmewt@krishibank.org.bd

বিষয় ঃ ১৫ আগস্ট, "জাতীয় শোক দিবস-২০২২" উদযাপন উপলক্ষ্যে অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ ব্যাংক এবং ব্যাংকের পরিচালনা পর্ষদ কর্তৃক নির্দেশিত কর্মসূচি বাস্তবায়নের জন্য ০৮-০৮-২০২২ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন প্রসংগে।

ব্যাংকের সম্মানিত ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সভাপতিত্বে উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়গণ, প্রধান কার্যালয়ের সকল উপ-মহাব্যবস্থাপকসহ কর্মচারী ইউনিয়ন-সিবিএ এর সভাপতি, সাধারন সম্পাদক, কার্যকরী সভাপতি, বঙ্গবন্ধু পরিষদ, বাংলাদেশ কৃষি ব্যাংক অফিসার্স ঐক্য পরিষদ(কেন্দ্রীয় পরিষদ), অফিসার কল্যাণ সমিতি(কেন্দ্রীয় পরিষদ), স্বাধীনতা ব্যাংকার্স পরিষদ, বঙ্গবন্ধু পেশাজীবী লীগ, মুক্তিযোদ্ধা সংসদ সন্তান কমান্ড; প্রাতিষ্ঠানিক ইউনিট, বাংলাদেশ কৃষি ব্যাংক এর প্রতিনিধিগণের অংশগ্রহনে ০৮-০৮-২০২২ তারিখে ব্যাংকের বোর্ড রুমে ১৫ আগস্ট, "জাতীয় শোক দিবস-২০২২" যথাযোগ্য মর্যাদায় পালনের লক্ষ্যে অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ ব্যাংক এবং ব্যাংকের পরিচালনা পর্ষদ কর্তৃক নির্দেশিত কর্মসূচি বাস্তবায়নের জন্য একটি সভা অনুষ্ঠিত হয়। সভায় এতদ্‌বিষয়ক সার্বিক দিক বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহন করা হয় ঃ

(ক) প্রধান কার্যালয় ঃ

| ক্রঃ নং | তারিখ | সময় | কর্মসূচী | কার্যকরণ |
|---|---|---|---|---|
| ০১. | ০১ আগস্ট-২০২২ হতে | মাস ব্যাপী | মাস ব্যাপী প্রধান কার্যালয়ের সকল কর্মকর্তা/কর্মচারীর কালো ব্যাজ ধারণ। | প্রকিউরমেন্ট এবং কর্মী কল্যাণ ও পরিবহণ বিভাগ। |
| ০২. | ১৩ আগস্ট-২০২২ | বিকাল ৪.৩০ ঘটিকা | "শোক দিবস" উপলক্ষ্যে বিকেবি, উত্তরাস্থ ডরমেটরীতে বৃক্ষরোপণ কর্মসূচি উদ্বোধন। এছাড়া প্রত্যেক কর্মকর্তা/কর্মচারী কর্তৃক নিজ নিজ আবাসস্থলে ০২ (দুই) টি করে বৃক্ষ রোপন। | বিকেবি, এস্টেট এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ। |
| ০৩. | ১৫ আগস্ট-২০২২ (সোমবার) | সূর্যোদয়ের সময় | ব্যাংক ভবনে জাতীয় পতাকা অর্ধনমিতকরণ। | প্রকিউরমেন্ট এবং কর্মী কল্যাণ ও পরিবহণ বিভাগ। |
| | | সকাল ৭.০০ ঘটিকা | ধানমন্ডি-৩২ এ বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য অর্পণ। | |
| | | সকাল ১০.০০ ঘটিকা | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মজিবুর রহমান ও তার পরিবারের শহীদ সদস্যদের রুহের মাগফেরাত কামনায় প্রধান কার্যালয়ের মসজিদে বিশেষ দোয়া ও মোনাজাত। | |
| ০৪. | ১৫ আগস্ট-২০২২ (সোমবার) | দিনব্যাপী | প্রধান কার্যালয়ের মুজিব কর্ণারে শোক দিবসের প্রামাণ্য চিত্র প্রদর্শনী। | জনসংযোগ ও প্রটোকল বিভাগ। |
| ০৫. | ১৬-৩১ আগস্ট-২০২২ এর মধ্যে সুবিধাজনক দিনে। | দুপুর ৪.০০ ঘটিকা | জাতীয় শোক দিবস পালন উপলক্ষ্যে ব্যাংক ভবনে Virtual/সরাসরি আলোচনা সভা। | প্রকিউরমেন্ট এবং কর্মী কল্যাণ ও পরিবহণ বিভাগ, এবং আইসিটি অপারেশন বিভাগ। |
| ০৬. | | | আশ্রয়ণ প্রকল্পে একজন ব্যক্তির ঘর বানানোর জন্য আনুমানিক ২.০০(দুই) লক্ষ টাকা সহায়তা প্রদান। উল্লেখ্য ব্যাংকের পরিচালনা পর্ষদ সভার সিদ্ধান্ত মোতাবেক বাস্তবায়ন করা হবে। | পর্ষদ সচিবালয় বিভাগ। |
| ০৭. | ০১ আগস্ট-২০২২ হতে | মাস ব্যাপী | জাতীয় শোক দিবস-২০২২ উপলক্ষ্যে ০১ আগস্ট-২০২২ হতে ৩১ আগস্ট-২০২২ পর্যন্ত সকল অনুষ্ঠানের আলোকচিত্র ধারণ এবং তা বিকেবি'র ওয়েবসাইটে আপলোড। | জনসংযোগ ও প্রটোকল বিভাগ (প্রধান কার্যালয়) |
| | | | ধারণকৃত আলোকচিত্রের সফটকপি সহ প্রতিবেদন অর্থ মন্ত্রণালয়ের আর্থিক প্রতিষ্ঠান বিভাগে ০২/০৯/২০২২ তারিখের মধ্যে প্রেরণ। | শাখা নিয়ন্ত্রন ও ব্যবসা উন্নয়ন বিভাগ |

(খ) মাঠ কার্যালয় ঃ

| | |
|---|---|
| ০১. | মাঠ কার্যালয় ও প্রতিটি শাখা পর্যায়ে জাতীয় পতাকা যথাযথভাবে অর্ধনমিতকরণ, কালো ব্যাজ ধারণ এবং ব্যানার প্রদর্শন।(কার্যকরণ ঃ শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ)। |
| ০২. | বিভাগীয় কার্যালয় ভবনসমূহে বিশেষ দোয়া ও মোনাজাত।(কার্যকরণ ঃ শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ)। |
| ০৩. | সরকার কর্তৃক জেলা ও উপজেলা পর্যায়ে গৃহীত কর্মসূচিতে ব্যাংকের সকল বিভাগীয় কার্যালয়/আঞ্চলিক কার্যালয়/শাখার অংশগ্রহণ। ।(কার্যকরণ ঃ শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ)। |

পরবর্তী পাতা-২

০২। সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৭ তম শাহাদাৎ বার্ষিকীতে 'জাতীয় শোক দিবস-২০২২' যথাযথ মর্যাদায় পালন উপলক্ষ্যে উক্ত কর্মসূচিসমূহ বাস্তবায়নের জন্য অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে-

১০/০৮/২০২২

(মোঃ আব্দুস সামাদ)
সহকারী মহাব্যবস্থাপক(বিভাগীয় দায়িত্বে)

প্রকা/ককপবি-১(৪)অংশ-০৪/২০২২-২০২৩/১৭৬

তারিখ ঃ ১০-০৮-২০২২

**সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) ঃ**

০১। গভর্নর, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, মতিঝিল, ঢাকা।
০২। সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, চেয়ারম্যান মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রকা, ঢাকা।
০৪। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
০৫। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়গনের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
০৬। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর/অধ্যক্ষ, স্টাফ কলেজ, বিকেবি, প্রকা, ঢাকা।
০৭। **সচিব/উপমহাব্যবস্থাপক**, জনসংযোগ ও প্রটোকল বিভাগকে এতদ্‌বিষয়ক ছবি তোলা ও সকল ধরনের প্রচারের ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হলো।
০৮। সকল উপ-মহাব্যবস্থাপক/বিভাগীয় প্রধান, বিকেবি, প্রকা, ঢাকা। পত্রটি ব্যাংকের ওয়েবসাইটে আপলোড করার ব্যবস্থা গ্রহনের জন্য আইসিটি সিস্টেমস কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা কে অনুরোধ করা হলো।
০৯। সভাপতি/কার্যকরী সভাপতি/সাধারণ সম্পাদক, বাংলাদেশ কৃষি ব্যাংক কর্মচারী ইউনিয়ন (সিবিএ), বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
১০। সভাপতি/কার্যকরী সভাপতি/সাধারণ সম্পাদক, বঙ্গবন্ধু পরিষদ, অফিসার্স ঐক্য পরিষদ(কেন্দ্রীয় পরিষদ ও প্রধান কার্যালয় পরিষদ), স্বাধীনতা ব্যাংকার্স পরিষদ(প্রাতিষ্ঠানিক ইউনিট), বঙ্গবন্ধু পেশাজীবীলীগ, মুক্তিযোদ্ধা সংসদ সন্তান কমান্ড(প্রতিষ্ঠানিক ইউনিট), বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
১১। নথি।

১০/০৮/২০২২

(মোহাম্মদ জসিম উদ্দিন)
সহকারী মহাব্যবস্থাপক